
২০১৪-১৫ অর্থবছরে কৃষিভিত্তিক শিল্প ঋণের সার্বিক অবস্থার পর্যালোচনামূলক প্রতিবেদন

কৃষিভিত্তিক শিল্পে ঋণপ্রবাহ যথাযথভাবে তদারকি করার লক্ষ্যে দেশের সকল ব্যাংক থেকে কৃষিভিত্তিক শিল্পে ঋণ বিতরণ ও আদায় সম্পর্কিত তথ্য/বিবরণী সংগ্রহ করা হয়ে থাকে। সে মোতাবেক সংশ্লিষ্ট ব্যাংকসমূহ কর্তৃক ২০১৪-১৫ অর্থবছর শেষে দাখিলকৃত বিবরণীর ভিত্তিতে আলোচ্য প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। ২০১৪-১৫ অর্থবছর শেষে সংশ্লিষ্ট ব্যাংকসমূহের কৃষিভিত্তিক শিল্পে ব্যাংকওয়ারী ঋণ বিতরণ, বকেয়া স্থিতি ও শ্রেণিকৃত স্থিতির অবস্থা নিম্নরূপ:

১. ঋণ বিতরণ


২০১৪-১৫ অর্থবছরে কৃষিভিত্তিক শিল্পে ঋণ বিতরণের মোট পরিমাণ ছিল ২৪,৪১০.২৭ কোটি টাকা, এর মধ্যে চলতি মূলধন ঋণ ও মেয়াদি ঋণ বিতরণের পরিমাণ ছিল যথাক্রমে ২০,৮২৭.৭২ কোটি টাকা এবং ৩,৫৮২.৫৫ কোটি টাকা (চিত্র ১ দ্রষ্টব্য)। ২০১৩-১৪ অর্থবছরের জুলাই-জুন সময়ে কৃষিভিত্তিক শিল্পে মোট বিতরণকৃত ঋণের পরিমাণ ছিল ২৪,৭০৯.৫৪ কোটি টাকা যার মধ্যে চলতি মূলধন ঋণের পরিমাণ ২১,৫৭৭.২৩ কোটি টাকা এবং মেয়াদি ঋণের পরিমাণ ৩,১৩২.৩১ কোটি টাকা। ২০১৪-১৫ অর্থবছরে কৃষিভিত্তিক শিল্প খাতে বিগত ২০১৩-১৪ অর্থবছরের তুলনায় চলতি মূলধন ঋণ ও মোট ঋণ বিতরণ যথাক্রমে ৩.৪৭% ও ১.২১% হ্রাস পেলেও মেয়াদি ঋণ বিতরণ ১৪.৩৭% বৃদ্ধি পেয়েছে।

চিত্র ১: বিতরণকৃত ঋণের তুলনামূলক চিত্র



	চলতি মূলধন ঋণ	মেয়াদি ঋণ	মোট
জুলাই-জুন, ২০১৩-১৪	২১,৫৭৭.২৩	৩,১৩২.৩১	২৪,৭০৯.৫৪
জুলাই-জুন, ২০১৪-১৫	২০,৮২৭.৭২	৩,৫৮২.৫৫	২৪,৪১০.২৭

চিত্র ২: ব্যাংকের ধরণভেদে বিতরণকৃত ঋণ, জুলাই-জুন, ২০১৪-১৫




আলোচ্য সময়ে কৃষিভিত্তিক শিল্পে বিতরণকৃত মোট ২৪,৪১০.২৭ কোটি টাকার মধ্যে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ ৮০৩.৪৮ কোটি টাকা, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহ ১৬,৫৮৩.৮৯ কোটি টাকা, বিদেশি ব্যাংকসমূহ ৬,২০২.৭৮ কোটি টাকা এবং বিশেষায়িত ব্যাংকসমূহ ৮২০.১২ কোটি টাকা বিতরণ করেছে। মোট ঋণ বিতরণের মধ্যে ব্যাংকের ধরণ হিসেবে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ ৩.২৯%, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহ ৬৭.৯৪%, বিদেশি ব্যাংকসমূহ ২৫.৪১%, এবং বিশেষায়িত ব্যাংকসমূহ ৩.৩৬% বিতরণ করেছে। (চিত্র-২ দ্রষ্টব্য)

২. ঋণ আদায়


২০১৪-১৫ মেয়াদে কৃষিভিত্তিক শিল্প খাতে বিতরণকৃত ঋণের বিপরীতে ১৯,৭৩৪.৭৬ কোটি টাকা আদায় হয়েছে। ২০১৩-১৪ অর্থবছরে কৃষিভিত্তিক শিল্প খাতে আদায়কৃত ঋণের পরিমাণ ছিল ২২,৩৬৯.২৩ কোটি টাকা যার তুলনায় ২০১৪-১৫ অর্থবছরে কৃষিভিত্তিক শিল্প ঋণ আদায় ১১.৭৮% হ্রাস পেয়েছে। (চিত্র ৩ দ্রষ্টব্য)

চিত্র ৩: আদায়কৃত ঋণের তুলনামূলক চিত্র



ব্যাংকের ধরণ ভেদে ২০১৪-১৫ অর্থবছরে কৃষিভিত্তিক শিল্প ঋণের মোট আদায়কৃত ১৯,৭৩৪.৭৬ কোটি টাকার মধ্যে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ ১,০৪৮.৯৩ কোটি টাকা, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহ ১১,৫১৯.৪৮ কোটি টাকা, বিদেশি ব্যাংকসমূহ ৫,৬৭৫.১৯ কোটি টাকা এবং বিশেষায়িত ব্যাংকসমূহ ১,৪৯১.১৬ কোটি টাকা আদায় করেছে। চিত্র ৪ এ ব্যাংকের ধরণ ভেদে কৃষিভিত্তিক শিল্প খাতে ঋণ আদায় পরিস্থিতি তুলে ধরা হয়েছে। চিত্র ৪ মোতাবেক ২০১৪-১৫ অর্থবছরে আদায়কৃত ১৯,৭৩৪.৭৬ কোটি টাকার মধ্যে ৫.৩২% রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, ৫৮.৩৭% বেসরকারি বাণিজ্যিক ব্যাংক, ২৮.৭৬% বিদেশি ব্যাংক এবং অবশিষ্ট ৭.৫৫% বিশেষায়িত ব্যাংকসমূহ কর্তৃক আদায়কৃত।


চিত্র ৪: ব্যাংকের ধরণ ভেদে আদায় পরিস্থিতি, জুলাই-জুন, ২০১৪-১৫



৩. বকেয়া ঋণস্থিতি

২০১৪-১৫ অর্থবছর শেষে কৃষিভিত্তিক শিল্প খাতে মোট বিতরণকৃত ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ৩৩,৭৯৬.৪২ কোটি টাকা। তন্মধ্যে, চলতি মূলধন ঋণ খাতে বকেয়া স্থিতি ২৩,৭৫৮.০১ কোটি টাকা এবং মেয়াদি ঋণে বকেয়া ঋণস্থিতির পরিমাণ ১০,০৩৮.৪১ কোটি টাকা। ২০১৩-১৪ অর্থবছর শেষে কৃষিভিত্তিক শিল্প ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ২৭,৩০০.৮৩ কোটি টাকা যার মধ্যে চলতি মূলধন ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ১৮,৯১০.৭০ কোটি টাকা এবং মেয়াদি ঋণে বকেয়া স্থিতির পরিমাণ ৮,৩৯০.১৩ কোটি টাকা। আলোচ্য ২০১৪-১৫ অর্থবছর শেষে কৃষিভিত্তিক শিল্পে বিগত ২০১৩-১৪ অর্থবছরের একই সময়ের তুলনায় চলতি মূলধন ঋণ, মেয়াদি ঋণ এবং মোট ঋণের বকেয়া স্থিতির পরিমাণ যথাক্রমে ২৫.৬৩%, ১৯.৬৫% এবং ২৩.৭৯% বৃদ্ধি পেয়েছে। (চিত্র ৫ দ্রষ্টব্য)


চিত্র ৫ বকেয়া ঋণস্থিতির তুলনামূলক চিত্র



	চলতি মূলধন ঋণ	মেয়াদি ঋণ	মোট
জুলাই-জুন, ২০১৩-১৪	১৮,৯১০.৭০	৮,৩৯০.১৩	২৭,৩০০.৮৩
জুলাই-জুন, ২০১৪-১৫	২৩,৭৫৮.০১	১০,০৩৮.৪১	৩৩,৭৯৬.৪২

২০১৪-১৫ অর্থবছরে কৃষিভিত্তিক শিল্প ঋণের মোট বকেয়া স্থিতির ৩৩,৭৯৬.৪২ কোটি টাকার মধ্যে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের ৭,৬৫৯.১৬ কোটি টাকা বা ২২.৬৬%, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের ১৯,১০৩.১০ কোটি টাকা বা ৫৬.৫২%, বিদেশি ব্যাংকসমূহের ৩,০১৫.১৪ কোটি টাকা বা ৮.৯৩% এবং বিশেষায়িত ব্যাংকসমূহের ৪,০১৯.০২ কোটি টাকা বা ১১.৮৯%। (চিত্র-৬ দ্রষ্টব্য)


চিত্র ৬: ব্যাংকের ধরণভেদে বকেয়া ঋণ স্থিতি, জুলাই-জুন, ২০১৪-১৫



৪. শ্রেণিকৃত ঋণস্থিতি


২০১৪-১৫ অর্থবছর শেষে কৃষিভিত্তিক শিল্প খাতে মোট শ্রেণিকৃত ঋণের পরিমাণ ৩,৩৯৭.৪২ কোটি টাকা। ২০১৩-১৪ অর্থবছর শেষে কৃষিভিত্তিক শিল্প খাতে মোট শ্রেণিকৃত ঋণের পরিমাণ ছিল ২,০৪৭.৭৯ কোটি টাকা যা ২০১৪-১৫ অর্থবছর শেষে ৬৫.৯১% বৃদ্ধি পেয়েছে। ২০১৪-১৫ অর্থবছর শেষে কৃষিভিত্তিক শিল্প ঋণের বকেয়া স্থিতির উপর শ্রেণিকৃত ঋণের হার ১০.০৫% যা বিগত ২০১৩-১৪ অর্থবছরের একই সময় শেষে ছিল ৭.৫০%। জুলাই-জুন, ২০১৩-১৪ সময়ের তুলনায় জুলাই-জুন, ২০১৪-১৫ সময় শেষে কৃষিভিত্তিক শিল্প ঋণে শ্রেণিকৃত ঋণের হার ২.৫৫ Percentage Point বৃদ্ধি পেয়েছে। (চিত্র-৭ দ্রষ্টব্য)

চিত্র ৭: শ্রেণিকৃত ঋণের তুলনামূলক চিত্র



২০১৪-১৫ সময় শেষে কৃষিভিত্তিক শিল্প ঋণের শ্রেণিকৃত স্থিতি মোট ৩,৩৯৭.৪২ কোটি টাকার মধ্যে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের ৮২৩.৯৭ কোটি টাকা বা ২৪.২৫%, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের ১,১৪৭.২১ কোটি টাকা বা ৩৩.৭৭%, বিদেশি ব্যাংকসমূহের ১১.২২ কোটি টাকা বা ০.৩৩% এবং বিশেষায়িত ব্যাংকসমূহের ১,৪১৫.০২ কোটি টাকা বা ৪১.৬৫%। (চিত্র ৮ দ্রষ্টব্য)

চিত্র ৮: ব্যাংকের ধরণভেদে শ্রেণিকৃত ঋণস্থিতি, জুলাই-জুন, ২০১৪-১৫



ছক-১ এ ব্যাংকের ধরণ অনুযায়ী ২০১৪-২০১৫ অর্থবছর শেষে বকেয়া ঋণস্থিতির বিপরীতে শ্রেণিকৃত ঋণের অবস্থা তুলে ধরা হয়েছে। উক্ত ছকে দেখা যায়, রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক ও বিশেষায়িত ব্যাংকসমূহের শ্রেণিকৃত ঋণের হার যথাক্রমে ১০.৭৬% এবং ৩৫.২১% যা অন্যান্য ব্যাংকসমূহের তুলনায় অত্যন্ত বেশি।

ছক ১: ঋণ স্থিতির বিপরীতে শ্রেণিকৃত ঋণের অবস্থা


(কোটি টাকায়)

ব্যাকের ধরণ	বকেয়া ঋণ স্থিতি	শ্রেণিকৃত ঋণস্থিতি	শতকরা হার
রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক	৭,৬৫৯.১৬	৮২৩.৯৭	১০.৭৬%
বেসরকারি বাণিজ্যিক ব্যাংক	১৯,১০৩.১০	১,১৪৭.২১	৬.০১%
বিদেশি ব্যাংক	৩,০১৫.১৪	১১.২২	০.৩৭%
বিশেষায়িত ব্যাংক	৪,০১৯.০২	১,৪১৫.০২	৩৫.২১%
মোট	**৩৩,৭৯৬.৪২**	**৩,৩৯৭.৪২**	**১০.০৫%**

৫. সার্বিক অবস্থা

কৃষিভিত্তিক শিল্পঋণের বর্ণিত তথ্য হতে ২০১৩-১৪ অর্থবছরের সঙ্গে তুলনা করলে দেখা যায় ২০১৪-১৫ অর্থবছরে ঋণ বিতরণ ও আদায় যথাক্রমে ১.২১% ও ১১.৭৮% হ্রাস পেয়েছে এবং বকেয়া স্থিতির পরিমাণ ২৩.৭৯% বৃদ্ধি পেয়েছে। এছাড়াও, শ্রেণিকৃত স্থিতির পরিমাণ বিগত বছরের তুলনায় ৬৫.৯১% বৃদ্ধি পেয়েছে। ২০১৩-১৪ অর্থবছরের তুলনায় ২০১৪-১৫ অর্থবছর শেষে কৃষিভিত্তিক শিল্প খাতে শ্রেণিকৃত ঋণের হার ২.৫৫ Percentage Point বৃদ্ধি পেয়েছে। (চিত্র ৯ দ্রষ্টব্য)

চিত্র ৯: ২০১৩-১৪ এবং ২০১৪-১৫ অর্থবছরে কৃষিভিত্তিক শিল্পঋণের তুলনামূলক চিত্র



	ঋণ বিতরণ	ঋণ আদায়	বকেয়া স্থিতি	শ্রেণিকৃত স্থিতি
জুলাই-জুন, ২০১৩-১৪	২৪,৭০৯.৫৪	২২,৩৬৯.২৩	২৭,৩০০.৮৩	২,০৪৭.৭৯
জুলাই-জুন, ২০১৪-১৫	২৪,৪১০.২৭	১৯,৭৩৪.৭৬	৩৩,৭৯৬.৪২	৩,৩৯৭.৪২

২০১৪-১৫ অর্থবছরে সকল ব্যাংক কর্তৃক কৃষিভিত্তিক শিল্প খাতে শ্রেণিকৃত ঋণের পর্যালোচনায় দেখা যায় সকল ব্যাংকসমূহের বকেয়া স্থিতির বিপরীতে শ্রেণিকৃত ঋণের গড় হার ১০.০৫%। ব্যাংকের ধরণের ভিত্তিতে কৃষিভিত্তিক শিল্প ঋণের শ্রেণিকরণের এ গড় হার: রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের ১০.৭৬%, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের ৬.০১%, বিদেশি ব্যাংকসমূহের ০.৩৭% এবং বিশেষায়িত ব্যাংকসমূহের ৩৫.২১%।

চিত্র ১০ এ সর্বশেষ ৪ অর্থবছরের কৃষিভিত্তিক শিল্প ঋণের ক্রমবিকাশের ধারা বিধৃত হয়েছে। বর্ণিত চিত্র হতে দেখা যায় কৃষিভিত্তিক শিল্প ঋণের বকেয়া স্থিতির প্রবৃদ্ধিতে ধনাত্মক ধারা বিরাজমান রয়েছে। কিন্তু একইসাথে শ্রেণিকৃত ঋণের পরিমাণও বেড়ে চলেছে। বিগত ৩ অর্থবছর ২০১১-১২, ২০১২-১৩ ও ২০১৩-১৪ এ শ্রেণীকৃত ঋণের হার ছিলো যথাক্রমে ৮.১৬%, ৮.৮৮% এবং ৭.৫০%, যা ২০১৪-১৫ অর্থবছরে ১০.০৫% এ দাঁড়িয়েছে। অন্যদিকে কৃষিভিত্তিক শিল্প ঋণের সিংহভাগই চলতি মূলধন ঋণ হিসেবে বিতরণকৃত। ২০১১-১২, ২০১২-১৩ ও ২০১৩-১৪ অর্থবছর শেষে কৃষিভিত্তিক শিল্প ঋণের মেয়াদি ঋণ অংশ এ খাতে বকেয়া ঋণস্থিতির ২৯.৯১%, ৩২.৮১% ও ৩০.৭৩% যা কৃষিভিত্তিক শিল্পখাতের সুষ্ঠু প্রবৃদ্ধির জন্য পর্যাপ্ত নয় বলে প্রতীয়মান হয়। বর্তমান অর্থবছরের পরিসংখ্যান অনুযায়ী কৃষিভিত্তিক শিল্প খাতে মোট বকেয়া ঋণস্থিতির পরিমাণ ৩৩,৭৯৬.৪২ কোটি টাকা। তন্মধ্যে, মেয়াদি ঋণ স্থিতির পরিমাণ ১০,০৩৮.৪১ কোটি টাকা যা বকেয়া ঋণস্থিতির মাত্র ২৯.৭০%। ফলে, মূলধনী ব্যয়ের অর্থায়ন ব্যাহত হচ্ছে, যা কৃষিভিত্তিক শিল্প বিকাশের অন্তরায়।

চিত্র ১০: কৃষিভিত্তিক শিল্প ঋণের ক্রমবিকাশের ধারা

